দৈনিক
জনকণ্ঠ

তারিখ ২০ MAR 2015
পৃষ্ঠা ১০ কলাম ৭

# করিমগঞ্জে স্কুল শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, কিশোরগঞ্জ, ১৯ মার্চ ॥ জেলার করিমগঞ্জ উপজেলাধীন কান্দাইল উচ্চ বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উঠেছে। এ নিয়ে এলাকায় ও পরীক্ষার্থীদের মাঝে ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়েছে। এ ব্যাপারে বৃহস্পতিবার নিয়োগবঞ্চিতদের পক্ষ থেকে জেলা প্রশাসক বরাবরে একটি লিখিত অভিযোগ দেয়ার পাশাপাশি জেলা শিক্ষা অফিসার, প্রেসক্লাবসহ সংশ্লিষ্ট দফতরে অনুলিপি দেয়া হয়েছে।

অভিযোগে উল্লেখ করা হয়, কান্দাইল উচ্চ বিদ্যালয়ে সমাজবিজ্ঞান ও গণিত বিষয়ে সহকারী শিক্ষক নিয়োগের জন্য প্রায় ১ বছর আগে পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয়। গত ১৮ মার্চ বিদ্যালয় ভবনে ওই দুটি পদে নিয়োগ পরীক্ষা হলে এতে ২০ পরীক্ষার্থী অংশ নেয়। অভিযোগ উঠেছে; স্কুল পরিচালনা কমিটির সভাপতি ও প্রধান শিক্ষক যোগসাজশে তাদের পছন্দের প্রার্থীদের থেকে মোটা অংকের উৎকোচ নিয়ে আগের রাতে পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস করে